ছেলে হোক, মেয়ে হোক দু'টি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
পরিকল্পনা ইউনিট
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

স্মারক নং-৫৯.১১.০০০০.৫০০.৩৬.৫৫.২০১৫. ৮৪ তারিখ ঃ ০২ /০২/২০২২খ্রিঃ

প্রেরক ঃ মোহাঃ সফিকুর রহমান
পরিচালক (পরিকল্পনা) ও
লাইন ডাইরেক্টর (পিএমই)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর,ঢাকা।

প্রাপক ঃ নির্বাহী পরিচালক
অ্যাসোসিয়েশন ফর প্রিভেনশন অব্ সেপ্‌টিক অ্যাবরশন বাংলাদেশ (বাপ্‌সা)
হাউজ-৬/৩, ব্লক-ডি, বড়বাগ, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।

বিষয় ঃ **ক্লিনিক ভিত্তিক পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম পরিচালনার অনুমোদন নবায়ন।**

সূত্র ঃ ১। স্মারক নং-জেপপঅ/ঢাকা/এনজিও/১০/১৫৮৫(অংশ-৪)২০২১/১৩৬৫ তারিখ-০২/০৯/২০২১ খ্রিঃ।
২। স্মারক নং-জেপপঅ/ঢাকা/এনজিও/বিবিধ/২০২১/১৮১১ তারিখ-০৯/১২/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত স্মারক মোতাবেক অসরকারী সংস্থা " অ্যাসোসিয়েশন ফর প্রিভেনশন অব্ সেপ্‌টিক অ্যাবরশন বাংলাদেশ (বাপ্‌সা)" **হাউজ-৬/৩,** ব্লক-ডি, বড়বাগ, সেকশন-২, মিরপুর, ঢাকা এর পরিচালনাধীন ক্লিনিক থেকে পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জুলাই,২০২১ হতে জুন, ২০২৩ পর্যন্ত (দুই বছরের মেয়াদে) নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ক্লিনিক ভিত্তিক পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম পরিচালনার অনুমোদন নবায়ন করা হ'ল। (নবায়ন নং-০৬/২২ তারিখ :০২ /০২/২০২২ খ্রিঃ)।
ক্লিনিকের নাম ও ঠিকানা এবং প্রদেয় পরিবার পরিকল্পনা সেবার ধরণ :

ক্রমিক নং	ক্লিনিকের নাম /ঠিকানা ও কর্মএলাকা	সেবা কার্যক্রম পরিচালনার জন্য পরিবার পরিকল্পনার পদ্ধতিসমূহ (নবায়ন কমিটির সুপারিশ অনুযায়ি)
১।	"বাপ্‌সা মডেল রিপ্রোডাকটিভ হেল্‌থ ক্লিনিক-৫ (এমআরএইচসি-৫)" বড়গ্রাম, চেয়ারম্যান বাড়ী, কামরাঙ্গীরচর, ঢাকা।	আইইউডি, ইনজেকটেবল, খাবার বড়ি, কনডম।
২।	"বাপ্‌সা মডেল রিপ্রোডাকটিভ হেল্‌থ ক্লিনিক-২ (এমআরএইচসি-২)" হাউজ-৬/৩, ব্লক-ডি, বড়বাগ, সেকশন-২, মিরপুর, ঢাকা।	আইইউডি, ইনজেকটেবল, খাবার বড়ি, কনডম।
৩।	"বাপ্‌সা মডেল রিপ্রোডাকটিভ হেল্‌থ ক্লিনিক-৩(এমআরএইচসি-৩)" হাউজ-২৫, রোড নং-১, ব্লক-ই, সেকশন-১২, মিরপুর, ঢাকা।	আইইউডি, ইনজেকটেবল, খাবার বড়ি, কনডম।
৪।	"বাপ্‌সা মডেল রিপ্রোডাকটিভ হেল্‌থ ক্লিনিক-১ (এমআরএইচসি-১)" হাউজ-৭১, ব্লক-সি, এ্যাভিনিউ-৫, সেকশন-৬, মিরপুর, ঢাকা।	আইইউডি, ইনজেকটেবল, খাবার বড়ি, কনডম।

শর্তসমূহ ঃ

(ক) ক্লিনিক/শাখার অধিক্ষেত্রভুক্ত এলাকার সক্ষম দম্পতিদের নিবন্ধন করতে হবে এবং তদানুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে।
(খ) পরিবার পরিকল্পনা সেবা গ্রহীতা/ক্লায়েন্টগণের পূর্ণাঙ্গ ঠিকানা ও অন্যান্য তথ্য Family Welfare Asistant (FWA) রেজিষ্টারের ছক অনুযায়ী লিপিবদ্ধ করতে হবে যাতে গ্রহীতা/ক্লায়েন্টকে সনাক্ত করা যায়।
(গ) কনডম ব্যতীত নির্ধারিত জন্মনিরোধক সামগ্রী বিনামূল্যে বিতরণ নিশ্চিত করতে হবে।
(ঘ) সেবাগ্রহীতাদের পূর্ণাঙ্গ ঠিকানা সংরক্ষণ করতে হবে।
(ঙ) ইনজেকটেবলস্ ও অন্যান্য অস্থায়ী সেবাগ্রহীতাদের ড্রপআউট হ্রাসকল্পে ফলো-আপ নিশ্চিত করতে হবে।
(চ) নির্ধারিত ফরম (MIS-3) তে প্রতিমাসের কাজের প্রতিবেদন সংশ্লিষ্ট উপজেলা/থানা পরিবার পরিকল্পনা কার্যালয় ও উপপরিচালক, পরিবার পরিকল্পনা বরাবর প্রেরণ করতে হবে।

চলমান পাতা/২

(ছ) পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য তথা প্রজনন স্বাস্থ্য বিষয়ে সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত নীতিমালা অনুসরণ না করা হলে সংস্থার অধিভুক্তি বাতিলের ক্ষমতা পরিবার পরিকল্পনা অধিদপ্তর সংরক্ষণ করে।

(জ) অধিভুক্তি/নবায়ন/অনুমোদনের মেয়াদ শেষ 'হওয়ার ৪ (চার) মাস পূর্বে **নবায়ন নীতিমালা'২০১৭ অনুযায়ী সকল ডকুমেন্ট/ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর আবেদন করতে হবে।**

(ঝ) পরবর্তী নবায়নের আবেদনের সাথে পূর্ববর্তী অধিভুক্তি/ নবায়নের/অনুমোদনের আদেশ সংযুক্ত করতে হবে।

(ঞ) অধিভুক্ত সংস্থার কার্যক্রম পরিচালনায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কোন আর্থিক দায় দায়িত্ব থাকবে না।

(ট) আরোপিত শর্তের ব্যত্যয় ঘটিয়ে কোন কার্যক্রম সম্পাদন করলে অনুমোদন আদেশ বাতিল বলে গণ্য হবে।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ।

০২/02/2022

(মোঃ সফিকুর রহমান)
পরিচালক (পরিকল্পনা) ও
লাইন ডাইরেক্টর (পিএমই),
ফোন ঃ ৫৫০১২৩৫৫
E-mail: dirplandfp@gmail.com

স্মারক নং-৫৯.১১.০০০০.৫০০.৩৬.৫৫.২০১৫. ৮৪ তারিখ ঃ ০২/০২/২০২২খ্রিঃ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ</u>

১। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

২। পরিচালক/লাইন ডাইরেক্টর ফ্যামিলি প্লানিং ফিল্ড সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম/ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম/এমসিএইচ-সার্ভিসেস/উপকরণ ও সরবরাহ/আইইএম/এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পন অধিদপ্তর।

৩। পরিচালক, পরিবার পরিকল্পনা ঢাকা বিভাগ।

৪। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা পরিবার পরিকল্পনা কমিটি, জেলা- ঢাকা ।

৫। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, জেলা- ঢাকা । তাঁকে সংস্থার/ক্লিনিকের কাজের সমন্বয় সাধন, সরবরাহ নিশ্চিতকরণ তদারকী ও নিয়মিত কাজের অগ্রগতির প্রতিবেদন সংগ্রহ ও এমআইএস ইউনিটে প্রেরণ এবং *অধিভুক্তি/নবায়ন আবেদন প্রেরণকালে নীতিমালা/২০১৭অনুযায়ী যাবতীয় ডকুমেন্ট ও সুনির্দিষ্ট মতামত প্রদানসহ নীতিমালার **১২ নং শর্ত** অপরিহার্যভাবে পালনের জন্য* অনুরোধ করা হ'ল।

৬। রিজিওন্যাল/ডিস্ট্রিক্ট কনসালটেন্ট, FPSTC-QIT, জেলা পরিবার পরিকল্পনা অফিস, জেলা- ঢাকা । তাঁকে সেবার মান নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত তদারকী করার জন্য অনুরোধ করা হলো।

৭। আঞ্চলিক সুপারভাইজার, এফপিএসটিসি, কিউএটি (পরিবার পরিকল্পনা), ------------------------।

৮। থানা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, থানা- মিরপুর, জেলা- ঢাকা। তাঁকে জন্মনিয়ন্ত্রণ দ্রব্য সামগ্রী সরবরাহসহ কর্মএলাকার সমন্বয় সাধন, নিয়মিত কাজের তদারকী ও অগ্রগতির প্রতিবেদন সংগ্রহ/ প্রেরণ এবং নবায়নের সময় সংস্থার কার্যক্রম সম্পর্কে সুনির্দিষ্ট মতামত প্রদানএবং মেয়াদ শেষ হওয়ার পর অসরকারী সংস্থার অধিভুক্তি নবায়ন নীতিমালা'২০১৭ এর **১২ নং শর্তের ব্যত্যয় ঘটিয়ে** জন্মনিরোধক সামগ্রী **সরবরাহ করা থেকে বিরত থাকা**'র জন্য অনুরোধ করা হলো। আবেদন প্রেরণের পূর্বে যাবতীয় ডকুমেন্ট যাচাই করে নীতিমালা'২০১৭ অনুযায়ী যথাসময়ে প্রেরণের বিষয়ে সতর্ক থাকার জন্য বলা হ'ল।

৯। মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), থানা- মিরপুর, জেলা- ঢাকা।

১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।

১১। নির্বাহী পরিচালক/টেকনিকেল এ্যাডভাইজার,---।

01.02.2022

(মীর মাসুদ রহমান)
গবেষনা কর্মকর্তা
পরিকল্পনা ইউনিট।